

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর
“ইউরিয়া সার কারখানার প্লান্টের RC Solution Feed Pump এর Cylinder
Block তৈরি”

Innovation Success Story

১. মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের নামঃ বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)
২. সংক্ষিপ্ত শিরোনামঃ ইউরিয়া সার কারখানার প্লান্টের RC Solution Feed Pump এর Cylinder Block তৈরি।
৩. সমস্যা কি ছিলঃ বিসিআইসি'র অধীনস্থ ইউরিয়া সার কারখানা লিঃ, ঘোড়াশাল, নরসিংদী এর ইউরিয়া প্লান্টের RC Solution Feed Pump এর Cylinder Block টি অতি উচ্চ প্রযুক্তি সম্পন্ন। উক্ত ব্লকটি বিদেশ থেকে আমদানি করতে হত যা অত্যন্ত ব্যয় বহুল ছিল।
৪. কিভাবে সমস্যাটির সমাধান করা হয়েছেঃ সিলিন্ডার ব্লকটি স্থানীয় প্রযুক্তিতে করা যায় কিনা এই বিষয়টি নিয়ে বিসিআইসি ও বিটাক ২০১৩ সালে একটি সভা করে। সভায় সিলিন্ডার ব্লকটি বিটাকের আরএন্ডডি বিভাগের মাধ্যমে করার সিদ্ধান্ত গৃহীত হয়। এর প্রেক্ষিতে বুয়েটের কারিগরি সহায়তায় বিটাক দীর্ঘ সময় গবেষণা করে RC Solution Feed Pump এর ৫টি Cylinder Block তৈরি এবং প্রয়োজনীয় টেস্ট সম্পন্ন করে গত ১১/০৯/২০১৮ তারিখে ইউরিয়া সার কারখানায় সরবরাহ করে।
৫. সমস্যা সমাধানে উদ্ভাবন কি ছিলঃ স্থানীয় প্রযুক্তিতে বিটাকের আরএন্ডডি বিভাগের মাধ্যমে সার কারখানার RC Solution Feed Pump এর Cylinder Block তৈরি।
৬. বর্তমান উদ্ভাবনের পূর্বের অবস্থা কি ছিলঃ ৫টি সিলিন্ডার বিদেশ হতে আমদানি করতে প্রায় ৬ (ছয়) কোটি টাকা খরচ হয়।
৭. জনগনের সেবা প্রদানে কিভাবে এটি ভূমিকা রাখছেঃ আমদানি ব্যয় হ্রাস পাওয়ায় অর্থনৈতিক সমৃদ্ধিতে ভূমিকা রাখছে।
৮. উদ্ভাবনটিতে কি শিক্ষণীয় রয়েছেঃ ৫টি সিলিন্ডার বিদেশ হতে আমদানি করতে প্রায় ৬ (ছয়) কোটি টাকা খরচ হয়। বিটাক প্রায় ২ (দুই) কোটি টাকায় উক্ত ব্লকগুলি তৈরি করে, যাহা বিদেশ থেকে আমদানি খরচ এর চাইতে তিনগুণ কম।
৯. উদ্ভাবনটির রেপলিকেশন/স্কেল-আপ বাস্তবায়ন কার্যক্রম শুরু হয়েছেঃ ব্লকগুলি ইউরিয়া সার কারখানা প্ল্যান্টে সংযোজন করা হয়েছে এবং সফলভাবে চলছে। ব্লকগুলি বিসিআইসি'র অধীনস্থ ইউরিয়া সার কারখানা লিঃ এর চাহিদা অনুযায়ী রেপলিকেশন/স্কেল-আপ যোগ্য।

স্বাক্ষর :

নাম ও পদবি :


২২/৬/২০২০

ড. মোঃ জালাল উদ্দিন, পিইজি
পরিচালক
বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)
তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।